রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৬ সনের ২৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৬, ২০১৬

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৩৯—৫৫৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫৭৩—৬০৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৪৫—৭৬০ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২৭ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**মাঠ প্রশাসন-১ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ১৭ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ/২৯ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৩৭.০০.০৫৩.১০-৮৬**—যেহেতু, ড. অশোক কুমার বিশ্বাস (৬৭৯৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন (সাবেক দুর্নীতি দমন ব্যুরো) কর্তৃক কাফরুল থানার মামলা নম্বর-২৫, তারিখ ১১-১২-২০০১ খ্রিঃ ধারা-দণ্ড বিধির ৪১৭/৪১৮/৪১৯/৪২০/৪৬৭/৪৭১/১০৯ হতে উদ্ভূত বিশেষ মামলা নম্বর ৭১/২০০২, বিভাগীয় বিশেষ আদালত, ঢাকায় দায়ের করা হয়;

২। যেহেতু, ড. অশোক কুমার বিশ্বাস (৬৭৯৫)-কে গত ০৩-১২-২০০৯ খ্রিঃ তারিখের সম(মাঃপ্রঃ-১)-১৪৯/২০০৫-৫৫৫ সংখ্যক আদেশে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

৩। যেহেতু, দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলার বিরুদ্ধে ড. অশোক কুমার বিশ্বাস (৬৭৯৫) মহামান্য সুপ্রীম কোর্টের হাই কোর্ট বিভাগে ক্রিমিনাল আপিল নম্বর-৫৬৬৩/২০১২ দায়ের করলে মাননীয় হাইকোর্ট বিভাগ থেকে তাঁকে নির্দোষ প্রমাণপূর্বক খালাস প্রদান করা হয় এবং দুর্নীতি দমন কমিশন কর্তৃক মাননীয় হাইকোর্টের রায়ের বিরুদ্ধে আপিল দায়ের না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

৪। সেহেতু, ড. অশোক কুমার বিশ্বাস (৬৭৯৫) এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করে তাঁকে সরকারি চাকরিতে পুনর্বহাল করা হলো। এ আদেশবলে বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি-৭২(এ) অনুসারে তাঁর সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে এবং তিনি বিধি মোতাবেক প্রাপ্যতা অনুসারে উক্ত সময়ের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ/০১ মার্চ, ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০০৬-১৫(বিমা)-১০৫**—যেহেতু, জনাব মোঃ লিয়াকত আলী (১৫০১২), প্রাক্তন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী, (বর্তমানে সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যাস্ত) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০৮-২০১৪ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০১.১৪-২৫৪ নম্বর প্রজ্ঞাপন মোতাবেক বিগত ১৪-০৯-২০১৪ তারিখ অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারীতে যোগদান করেন এবং তাকে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এর দায়িত্ব প্রদান করা হয়। যোগদানের পর হতেই তিনি ধারাবাহিকভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই কর্মস্থল ত্যাগ ও কর্মস্থলের বাইরে অবস্থান করার অভিযোগ পাওয়া যায়।

যেহেতু, উক্ত অপরাধে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ২৩-১২-২০১৫ তারিখে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ০৪-০১-২০১৬ তারিখ কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করলে ০৯-০২-২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানি গৃহীত হয়;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত জবাব ও কাগজপত্র এবং প্রাসঙ্গিক বিষয়সমূহ পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, জনাব মোঃ লিয়াকত আলী (১৫০১২), প্রাক্তন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী, (বর্তমানে সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যাস্ত)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**পরিবহন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ/১৩ মার্চ, ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১২১.০১৮.০২.১৩-১৯১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫-০১-২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১২১.০১৮.০২.১৩-৪৬ এবং অর্থ বিভাগের ১৭-০২-২০১৬ তারিখের ০৭.০০.০৫.১৫১.২৬.০১০.১৫-৮৩ নং স্মারকের অনুসরণে সরকারি যানবাহন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান বিভিন্ন সরঞ্জামাদির অতিরিক্ত হিসেবে ০৪টি ডিজিটাল হাজিরা মেশিন অন্তর্ভুক্ত করা হলো।

২। ক্রয়ের ক্ষেত্রে সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মালেকা খায়রুন্নেছা**
উপসচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২১ মার্চ ২০১৬

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৭.১৫-১৫৪**—বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৭ নং অর্ডার) এর ৯(৩)(ডি) ধারার বিধান অনুযায়ী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাবেক সচিব ড. এম আসলাম আলম এর স্থলে জনাব মোঃ ইউনুসুর রহমান, সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-কে বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৭.১৫-১৫৫**—দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিমিটেড এর পরিমেল বিধির ২৫ ধারার বিধান অনুযায়ী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাবেক সচিব ড. এম আসলাম আলম এর স্থলে অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে জনাব মোঃ ইউনুসুর রহমান, সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৭.১৫-১৫৬**—দি ইউ.এ.ই বাংলাদেশ যৌথ বিনিয়োগ কোম্পানী লিমিটেড (ইউবিকো) এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এর ৪৩ ও ৪৪ ধারা অনুযায়ী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাবেক সচিব ড. এম আসলাম আলম এর স্থলে জনাব মোঃ ইউনুসুর রহমান, সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত ইউবিকো'র পরিচালনা পর্ষদে ডেপুটি চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৭.১৫-১৫৭**—মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ৬ ধারা অনুযায়ী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাবেক সচিব ড. এম আসলাম আলম এর স্থলে জনাব মোঃ ইউনুসুর রহমান, সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)-এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ সাঈদ কুতুব**
উপসচিব।

[একই তারিখের একই স্মারকের প্রতিস্থাপক]

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ মার্চ, ২০১৬

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৭.১৫-১৫৭**—মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ৬ ধারা অনুযায়ী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাবেক সচিব ড. এম আসলাম আলম এর স্থলে জনাব মোঃ ইউনুসুর রহমান, সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)-এর পরিচালনা পর্ষদে সদস্য হিসেবে নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ সাঈদ কুতুব**
উপসচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**
**চলচ্চিত্র অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২০ ফাল্গুন, ১৪২২/০৩ মার্চ, ২০১৬

**নং তম/চলচ্চিত্র-৪/২০০৯/১৫৯**—বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড গঠন সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের ১১ আগস্ট ২০১৫ তারিখের নং-তম/চলচ্চিত্র-৪/২০০৯/৫২০ প্রজ্ঞাপনমূলে গঠিত সেন্সর বোর্ডের সদস্য জনাব আলতাফ মাহমুদ মৃত্যুবরণ করায় তাঁর স্থলে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালককে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হলো।

২। তথ্য মন্ত্রণালয়ের ১১ আগস্ট ২০১৫ তারিখের নং-তম/চলচ্চিত্র-৪/২০০৯/৫২০ প্রজ্ঞাপনে উল্লিখিত কার্যাবলী/শর্ত অপরিবর্তিত থাকবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৬ ফাল্গুন, ১৪২২/০৯ মার্চ, ২০১৬

**নং তম/চলচ্চিত্র/সেবো-১১/২০১১/১৭৫**—জনাব আরাফাতুর রহমান, প্রযোজক, কোয়ালিটি মেকার্স প্রোডাকশন, সাহারা ট্রপিক্যাল সেন্টার, এলিফ্যান্ট রোড, ঢাকা কর্তৃক নির্মিত **'বিবর্তন'** নামক চলচ্চিত্রটি সেন্সরশিপ আইন, ১৯৬৩ (সংশোধিত ২০০৬) এর ৪বি(১) ধারা লংঘন করে আপিল আবেদন দাখিল করায় তা নাকচ করা হলো।

২। আপিল আবেদন নাকচ হওয়ার কারণে উক্ত চলচ্চিত্রটি একটি সনদপত্রহীন চলচ্চিত্র হিসেবে বিবেচিত হবে এবং সমগ্র বাংলাদেশে উক্ত চলচ্চিত্রের প্রদর্শনী নিষিদ্ধ করা হলো।

৩। এ চলচ্চিত্র কোথাও প্রদর্শিত হলে চলচ্চিত্রটি বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগতভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং তম/চলচ্চিত্র/সেবো-১১/২০১১/১৭৬**—জনাব মোঃ শফিউল ইসলাম, প্রযোজক, মেসার্স ত্রিভূজ চলচ্চিত্র, ৭৪, কাকরাইল, ভূঁইয়া ম্যানশন, ঢাকা কর্তৃক নির্মিত **'আড়াল'** নামক চলচ্চিত্রটি সেন্সরশিপ আইন, ১৯৬৩ (সংশোধিত ২০০৬) এর ৪বি(১) ধারা লংঘন করে আপিল আবেদন দাখিল করায় তা নাকচ করা হলো।

২। আপিল আবেদন নাকচ হওয়ার কারণে উক্ত চলচ্চিত্রটি একটি সনদপত্রহীন চলচ্চিত্র হিসেবে বিবেচিত হবে এবং সমগ্র বাংলাদেশে উক্ত চলচ্চিত্রের প্রদর্শনী নিষিদ্ধ করা হলো।

৩। এ চলচ্চিত্র কোথাও প্রদর্শিত হলে চলচ্চিত্রটি বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগতভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**জি.এম. নজমুল হোসেন খান**
উপসচিব।

---

**প্রেস-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ চৈত্র, ১৪২২/২৩ মার্চ, ২০১৬

**নং ১৫.০০.০০০০.০১৯.১১.০০৪.১১-১০৪**—বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-এর সার্বিক ব্যবস্থাপনা ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য বাংলাদেশ সংবাদ সংস্থা অধ্যাদেশ-১৯৭৯-এর ৯(২) মোতাবেক বাসস পরিচালনা বোর্ডের বর্তমান সদস্য জনাব রাহাত খান, উপদেষ্টা সম্পাদক, দৈনিক বর্তমান, ঢাকা-কে অবশিষ্ট মেয়াদের জন্য (১৭ আগস্ট ২০১৮ পর্যন্ত) চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয়া হলো।

২। জনাব জনাব রাহাত খান-কে চেয়ারম্যান হিসেবে নিয়োগ করায় তাঁর শূন্য পদে জনাব সাইফুল আলম, ভারপ্রাপ্ত সম্পাদক, দৈনিক যুগান্তর-কে অবশিষ্ট মেয়াদের জন্য (১৭ আগস্ট ২০১৮ পর্যন্ত) বাসস পরিচালনা বোর্ডের পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হলো।

৩। বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) পরিচালনা বোর্ডের সদস্য জনাব লিয়াকত আলী ইন্তেকাল করায় তাঁর শূন্য পদে বেগম ফেরদৌসি আলী, দৈনিক পূর্বাঞ্চল, খুলনা-কে অবশিষ্ট মেয়াদের জন্য (১৭ আগস্ট ২০১৮ পর্যন্ত) বাসস পরিচালনা বোর্ডের পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হলো।

৪। তাঁরা বোর্ড অধ্যাদেশের ৬ ধারার বিধান মোতাবেক দায়িত্ব পালন করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**নাজনীন ওয়ারেস**
সিনিয়র সহকারী সচিব।

---

**পররাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ মার্চ, ২০১৬

**নং পম/লিএ/বিওশৃ/বিমা-২৯/২০১৩/২০১৬/৬৩৬**—যেহেতু, মিজ ইসমত আরা বেগম, ব্যক্তিগত কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-কে বাংলাদেশ হাই কমিশন কুয়ালালামপুর-এ কর্মরত থাকাকালীন পাসপোর্ট নবায়ন এর ক্ষেত্রে ভেরিফাই না করা এবং এ সংক্রান্ত তথ্য গোপন ও বিকৃতি করার সুনির্দিষ্ট অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩, উপবিধি-(বি) অনুযায়ী অসদাচরণ-এর অভিযোগে অভিযুক্ত করা হয়;

যেহেতু, উক্ত অভিযোগের ভিত্তিতে অত্র মন্ত্রণালয়ের ০৬-১১-২০১৩ তারিখের পম/লিএ/বিওশৃ/বিমা-২৯/২০১৩/১৫৫ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীসহ তাকে কৈফিয়ত তলব (প্রথম কারণ দর্শানোর নোটিশ জারি) করা হয়; এবং

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের যে জবাব দাখিল করেন তা কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হয়নি; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানি প্রদানের ইচ্ছা পোষণ করায় একজন কর্মকর্তার মাধ্যমে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং ব্যক্তিগত শুনানি গ্রহণকারী কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অধিকতর পর্যালোচনা করার জন্য মতামত প্রদান করেন; এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগটি তদন্তের জন্য একজন কর্মকর্তা নিয়োগ করা হলে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এক্ষণে

সেহেতু, মিজ ইসমত আরা বেগম, ব্যক্তিগত কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩, উপবিধি-(বি) অনুযায়ী অসদাচরণের অপরাধে একই বিধিমালার বিধি (৪) উপবিধি (২)(এ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার (Censure)' করার এবং বিধি (৪) উপবিধি (২)(বি) মোতাবেক তার ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার আদেশ দেয়া হ'ল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ শহীদুল হক**
পররাষ্ট্র সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ চৈত্র ১৪২২/১৬ মার্চ ২০১৬

**নং ২৩.০০.০০০০.০১০.২২.০০৭.১৬.১৩৯**—সেনা, নৌ ও বিমান বাহিনীর বিদ্যমান আইন, বিধি, বিধান, নির্দেশাবলী ও আদেশসমূহ সংশোধন/রহিতকরণ/নতুনভাবে প্রণয়নপূর্বক যুগোপ-যোগী ও হালনাগাদ করার লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রদানের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হল:

**আহ্বায়ক**

(১) সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) জনাব রঞ্জিৎ কুমার সেন, যুগ্মসচিব (বিধি-১ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়

(৩) জনাব মোঃ শাহজাহান (৪১৪৪), যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(৪) জনাব বিকাশ কুমার সাহা, যুগ্মসচিব (প্রশাসন), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(৫) যুগ্মসচিব (ডি-৬ অধিশাখা), প্রতিরক্ষা মন্ত্রণালয়

(৬) যুগ্মসচিব (ডি-১ অধিশাখা), প্রতিরক্ষা মন্ত্রণালয়

(৭) বিএ-২৫০৪ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ শাহ আলম চৌধুরী, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পরিচালক, পিপিএন্ডএ পরিদপ্তর, সেনা সদর

(৮) জাজ অ্যাডভোকেট জেনারেল (সেনা), সেনা সদর, ঢাকা সেনানিবাস

(৯) জাজ অ্যাডভোকেট জেনারেল (নৌ), নৌ সদর

(১০) কর্ণেল স্টাফ, প্রশিক্ষণ পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ

(১১) ক্যাপ্টেন এম শরিফ উদ্দিন ভূঁইয়া (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন(পি নং-৫৯৯) পরিচালক, নৌ শিক্ষা সার্ভিসেস পরিদপ্তর, নৌ সদর

(১২) গ্রুপ ক্যাপ্টেন মুহিতুল হাসান চৌধুরী (বিডি/৮২৮৭), এডমিন, অধিনায়ক, বিমান বাহিনী রেকর্ড অফিস, বিমান সদর

(১৩) জনাব আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

(১৪) জনাব মোঃ আজিমুদ্দিন বিশ্বাস, পরিচালক-১২, প্রধানমন্ত্রীর কার্যালয়

(১৫) ড. মোহাম্মদ মহিউদ্দিন, উপসচিব(ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(১৬) উইং কমান্ডার মোঃ আতাউর রহমান মোল্যা, বিইউপি (বিডি/৮৪৬৯), লিগ্যাল, জাজ অ্যাডভোকেট জেনারেল (বিমান)

**সদস্য-সচিব**

(১৭) যুগ্মসচিব (ডি-৭ অধিশাখা), প্রতিরক্ষা মন্ত্রণালয়

২। **কমিটির কার্যপরিধি:**

(ক) প্রস্তাবিত কমিটি সেনা, নৌ ও বিমান বাহিনীর জন্য প্রযোজ্য সকল আইন, বিধি, প্রবিধি, নির্দেশাবলী ও আদেশসমূহ বাংলাদেশের সংবিধান ও মৌলিক আইনসমূহের আলোকে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করে এর প্রাসঙ্গিকতা ও কার্যকারিতা যাচাইপূর্বক উক্ত আইন-বিধি-প্রবিধি-নির্দেশাবলী ও আদেশাবলীকে রহিতকরণ, সংশোধন, সংযোজন, যুগোপযোগীকরণ এবং নতুনভাবে প্রণয়নের জন্য সরকারের নিকট সুপারিশ আকারে উপস্থাপন করবে।

(খ) কমিটি প্রধান প্রয়োজনে কমিটির সদস্যদের নিয়ে একাধিক উপ-কমিটি গঠন করতে পারবেন এবং প্রত্যেক উপ-কমিটিকে এতদ্‌সংক্রান্ত নির্দিষ্ট কাজ (Task) সম্পাদন করতে নির্দেশনা দিতে পারবেন। এছাড়া, তিনি সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে পরামর্শ করতে পারবেন এবং প্রয়োজনে প্রচলিত বিধি-বিধান অনুসরণ সাপেক্ষে পরামর্শ-সেবা গ্রহণ করতে পারবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল করিম**
যুগ্মসচিব।

## ভূমি মন্ত্রণালয়
## অধিশাখা-২ (মাঠ প্রশাসন)

### প্রজ্ঞাপন

তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০১৬

**নং ৩১.০০.০০০০.০৪৬.১৫.০২৩.১২-১৩৪**—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭-০১-২০১৫ তারিখের ০৫.১৫৬.০১৫. ০৩.০০.০২৭.১৯৯৮(অংশ-১)-০৪ নং স্মারকে এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ০৮-০২-২০১৬ তারিখের অম/অবি/ব্যনি-২/ভূমি-৯/৯৮(অংশ-১)/১৪৯ নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ভূমি সংস্কার বোর্ডের নিম্নবর্ণিত ১৩ (তের)টি পদের মেয়াদ ০১-০৬-২০১৩ হতে ৩১-০৫-২০১৪ ও ০১-০৬-২০১৪ হতে ৩১-০৫-২০১৫ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষ সংরক্ষণ এবং ০১-০৬-২০১৫ হতে ৩১-০৫-২০১৬ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী |
|---|---|---|---|
| (১) | উচ্চমান সহকারী | ০৩ (তিন)টি | ৫৫০০—১২০৯৫/- |
| (২) | সাঁট-মুদ্রাক্ষরিক | ০৬(ছয়)টি | ৫২০০—১১২৩৫/- |
| (৩) | রেকর্ড কিপার | ০১(এক)টি | ৪৭০০—৯৭৪৫/- |
| (৪) | এম,এল,এস,এস (অফিস সহায়ক) | ০৩ (তিন)টি | ৪১০০—৭৭৪০/- |
| | মোট= | ১৩(তের)টি | |

২। ইহাতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

৩। ভূমি সংস্কার বোর্ডের উপরোক্ত ১৩ (তের)টি পদের ব্যয় ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেটে ৪৬-ভূমি মন্ত্রণালয়-৪৬০৭/ ৪৫০১/ ৪৬০১/৪৭০০ ভূমি সংস্কার বোর্ডের কোড হতে মিটানো হবে।

৪। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জি,ও জারি করা হলো।

**মোহাম্মদ মাহ্বুব শাহীন**
উপসচিব।

---

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ: ০৬ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/২০ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.০০৯.২০১১-৬৭**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | খাঞ্জি রঘুনাথপুর | ১ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (২) | সাতবসু | ২ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৩) | মাগরী | ১৩ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৪) | মারকা | ২৫ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৫) | মমরেজপুর | ৩৩ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৬) | চাকদহ | ৩৮ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৭) | কাকশিয়ালী | ৪১ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৮) | চর যমুনা | ৫৩ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৯) | চিংড়া | ৬০ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (১০) | কাশিমপুর (দক্ষিণ) | ৬৫ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (১১) | সেরকাটী | ১১০ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (১২) | চৌহাটা | ৭১ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (১৩) | সমসকাটী | ৭৭ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (১৪) | বাগদারিয়ালা | ৮১ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (১৫) | মথুরেশপুর | ৮৩ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (১৬) | সেকান্দার নগর | ৮৪ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (১৭) | প্রবাজপুর | ৮৫ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (১৮) | উজয়মারী | ৮৯ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (১৯) | ধলবাড়ীয়া রামচন্দ্রপুর | ৯২ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (২০) | বিকির্ত্তন পুর | ৯৭ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (২১) | গাজীকাটী | ৯৯ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (২২) | তেঘরিয়া | ১০২ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (২৩) | বাজুয়াগড় | ১০৫ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (২৪) | নৈহাটী | ১১৬ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (২৫) | গড়ই মহল | ১২৫ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (২৬) | আব্দুল খালী | ১২৮ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (২৭) | মাদকাটী | ১৩৪ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (২৮) | বিজয়নগর | ১৪১ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (২৯) | টেরুলি | ১৪৮ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৩০) | সুবর্ণগাছি | ১৪৯ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৩১) | সাপখালীর চক | ১৫২ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৩২) | দত্তনগর | ১৫৩ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৩৩) | চক পরানপুর | ১৫৬ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৩৪) | নিত্যানন্দপুর | ১৫৯ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৩৫) | চর সোনাইঘরামী | ১৬৪ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৩৬) | লক্ষীনাথপুর (বড়) | ১৭০ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৩৭) | ঝামারি | ১৮৮ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৩৮) | ঘুসুড়ী | ১৯৬ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৩৯) | উজিরপুর | ২০০ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৪০) | চাম্পাফুল | ২০১ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৪১) | কুমারখালী | ২০৪ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৪২) | থালনা | ২০৫ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৪৩) | ঘোজা | ২১২ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৪৪) | টোনা | ২১৩ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৪৫) | বাঁশদহ | ২১৪ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৪৬) | সোনাতলা | ২১৫ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৪৭) | বেড়াখালী | ২১৬ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৪৮) | বিষ্ণুপুর | ২১৮ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৪৯) | নৌবাসপুর | ২২২ | কালিগঞ্জ | সাতক্ষীরা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫০) | ভদ্রখালী | ৫৪ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৫১) | চাঁচাই | ১৭৬ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৫২) | চালতাবাড়িয়া | ১৫ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৫৩) | হিজলা চন্ডীপুর | ১৭ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৫৪) | হোসেনপুর (ধুলিয়াপুর) | ৬১ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৫৫) | পাটকিলি শিবপুর | ৭৪ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৫৬) | পুটীয়া | ৭৯ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৫৭) | কামার গাঁতী | ৯১ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৫৮) | চক সেকান্দার নগর | ৯৩ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৫৯) | দেবাড়ীয়া চাঁদকাটি | ৯৮ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৬০) | বেত বাড়ীয়া | ১০১ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৬১) | বাহাদুরপুর | ১০৭ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৬২) | বজরকাটী | ১১৪ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৬৩) | বলারহুলা | ১৩৭ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৬৪) | খরমি | ১৩৮ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৬৫) | কৃষ্ণপুর | ১৪০ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৬৬) | কালিকাপুর (ছোট) | ১৪৩ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৬৭) | ফকিরান | ১৫৭ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৬৮) | হাসানকাটী | ১৬৩ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৬৯) | ঝরুরখামার | ১৭৩ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৭০) | খাজরা | ১৯৭ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৭১) | চাঁদখালী | ১৯৯ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৭২) | বারদহ | ২০৮ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৭৩) | ইউছুপপুর | ২০৯ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৭৪) | ভগবান যশোমন্তপুর | ২১৭ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৭৫) | নেবুখালী | ২৩১ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৭৬) | বানিয়াপাড়া | ২৩২ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৭৭) | বড়দোনা | ২৩৮ | কালিগঞ্জ | সাতক্ষীরা |
| (৭৮) | বালিতা | ২৮ | দেবহাটা | সাতক্ষীরা |
| (৭৯) | বিল শিমুলবাড়িয়া | ২৯ | দেবহাটা | সাতক্ষীরা |
| (৮০) | রামনগর | ৫৭ | আশাশুনি | সাতক্ষীরা |
| (৮১) | ভৈরবনগর | ১৩ | তালা | সাতক্ষীরা |
| (৮২) | শ্যামনগর | ১৪ | তালা | সাতক্ষীরা |
| (৮৩) | জগদানন্দকাটি | ৫৭ | তালা | সাতক্ষীরা |
| (৮৪) | কলাগাছি | ৭৫ | তালা | সাতক্ষীরা |
| (৮৫) | কিসমতঘোনা | ১২০ | তালা | সাতক্ষীরা |
| (৮৬) | ফতেপুর | ১৪১ | তালা | সাতক্ষীরা |
| (৮৭) | মিত্রডাঙ্গা | ২৪ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |
| (৮৮) | সাগরকাটি | ৩৪ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |
| (৮৯) | বনগ্রাম | ৪৪ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |
| (৯০) | কড়াবৌলা | ৪৮ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |
| (৯১) | ডুমুরিয়া | ৬৩ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |
| (৯২) | শুভরাজকাঠী | ৯৬ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |
| (৯৩) | আলোকদি | ৫৯ | পাইকগাছা | খুলনা |
| (৯৪) | হাচিমপুর | ৭৭ | পাইকগাছা | খুলনা |
| (৯৫) | শাহাপাড়া | ৭৮ | পাইকগাছা | খুলনা |
| (৯৬) | কেওড়াতলা | ৮২ | পাইকগাছা | খুলনা |
| (৯৭) | গড়েরডাঙ্গা | ৯৩ | পাইকগাছা | খুলনা |
| (৯৮) | কাওয়ালী | ৯৪ | পাইকগাছা | খুলনা |
| (৯৯) | ধামরাইল | ৯৫ | পাইকগাছা | খুলনা |
| (১০০) | ফেদুয়ার আবাদ | ৯৯ | পাইকগাছা | খুলনা |
| (১০১) | ডোঙ্গাভাঙ্গা | ১০০ | পাইকগাছা | খুলনা |
| (১০২) | বিগরদানা | ১৪৪ | পাইকগাছা | খুলনা |
| (১০৩) | গোপ পাগলা | ১৪৬ | পাইকগাছা | খুলনা |
| (১০৪) | তেলিখালী | ১৪৭ | পাইকগাছা | খুলনা |
| (১০৫) | হাটবাড়িয়া | ১৪৮ | পাইকগাছা | খুলনা |
| (১০৬) | সৈদ খালী | ১৪৯ | পাইকগাছা | খুলনা |
| (১০৭) | সেনেরবেড় | ১৫০ | পাইকগাছা | খুলনা |
| (১০৮) | কামারখোলা | ১৬ | দাকোপ | খুলনা |
| (১০৯) | কুশারহুলা | ৬৯ | ডুমুরিয়া | খুলনা |
| (১১০) | চর শ্রীরামপুর | ৩২ | রূপসা | খুলনা |
| (১১১) | ডোবা | ৫৩ | রূপসা | খুলনা |
| (১১২) | চাঁন্দপুর | ৫০ | রূপসা | খুলনা |
| (১১৩) | সামন্তসেনা | ৪৪ | রূপসা | খুলনা |
| (১১৪) | পিঠাভোগ | ৫১ | রূপসা | খুলনা |
| (১১৫) | বড়জ্বালা | ৫৯ | রূপসা | খুলনা |
| (১১৬) | ঘাটভোগ | ৬১ | রূপসা | খুলনা |

**নং ৩১.০৩৬.০০.০০০০.০৪৯.৩১.০০৬.২০১৪-৬৮—১৯৫৫** সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (১) | বিষণাকান্দি | ৯ | গোয়াইনঘাট | সিলেট | |
| (২) | দেরীখাইবাগাবন্দ | ১৫ | গোয়াইনঘাট | সিলেট | |
| (৩) | ভেরিবিল | ২৪ | গোয়াইনঘাট | সিলেট | |
| (৪) | ইটাচকির কান্দি | ২৭ | গোয়াইনঘাট | সিলেট | |
| (৫) | পাতনি | ৩৮ | গোয়াইনঘাট | সিলেট | |
| (৬) | চাউরা খেল | ৭৯ | গোয়াইনঘাট | সিলেট | |
| (৭) | বাউরভাগ হাওর | ৯১ | গোয়াইনঘাট | সিলেট | |
| (৮) | মানাউরা | ১৬৯ | গোয়াইনঘাট | সিলেট | |
| (৯) | ফুলার কান্দি | ১৭০ | গোয়াইনঘাট | সিলেট | |
| (১০) | বড়নগর | ১৮০ | গোয়াইনঘাট | সিলেট | |
| (১১) | কামাইদ | ২১৫ | গোয়াইনঘাট | সিলেট | |
| (১২) | কাকুনাখাই খলা | ২৩০ | গোয়াইনঘাট | সিলেট | |
| (১৩) | কাকুনা খাই | ২৩৩ | গোয়াইনঘাট | সিলেট | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| (১৪) | খাস | ২৪৬ | গোয়াইনঘাট | সিলেট | |
| (১৫) | হুগরাউলি হাওর | ২৫৬ | গোয়াইনঘাট | সিলেট | |
| (১৬) | পল্লীশাসন | ৪৬ | বিয়ানীবাজার | সিলেট | |
| (১৭) | পুরুষপাল | ১১৩ | বিয়ানীবাজার | সিলেট | |
| (১৮) | দক্ষিণ লক্ষ্মীপ্রসাদ | ১৯ | কানাইরঘাট | সিলেট | |
| (১৯) | দলখিরাই | ৫৮ | কানাইরঘাট | সিলেট | |
| (২০) | তালবাড়ী | ৯৮ | কানাইরঘাট | সিলেট | |
| (২১) | তিনচটি নারায়নপুর | ১১৩ | কানাইরঘাট | সিলেট | |
| (২২) | ঘড়ইগাম | ১৩৫ | কানাইরঘাট | সিলেট | |
| (২৩) | দক্ষিণ কুয়রের মাটী | ১৯০ | কানাইরঘাট | সিলেট | |
| (২৪) | লক্ষ্মীপ্রসাদ হাওর | ৩৮ | জৈন্তাপুর | সিলেট | |
| (২৫) | পশ্চিম গর্দ্দনা | ১২৫ | জৈন্তাপুর | সিলেট | |
| (২৬) | শিকারখাঁ হাওর | ১৩৯ | জৈন্তাপুর | সিলেট | |
| (২৭) | চিকনাগুল পাহাড় | ১৫২ | জৈন্তাপুর | সিলেট | |
| (২৮) | চিকনাগুল | ১৫৪ | জৈন্তাপুর | সিলেট | |
| (২৯) | পানিছড়া হাওর | ১৫৭ | জৈন্তাপুর | সিলেট | |
| (৩০) | গড়গড়িয়া | ৯২ | জগন্নাথপুর | সিলেট | |
| (৩১) | হরিঘোষ | ১৪১ | জগন্নাথপুর | সিলেট | |
| (৩২) | গয়নাকান্দি | ১৫৪ | জগন্নাথপুর | সিলেট | |
| (৩৩) | গাজীরকুল | ১৬১ | জগন্নাথপুর | সিলেট | |
| (৩৪) | স্বজনশ্রী | ১৮৪ | জগন্নাথপুর | সিলেট | |
| (৩৫) | প্রাণদেব কাপন | ১৮৬ | জগন্নাথপুর | সিলেট | |
| (৩৬) | ব্রামারগাঁও | ১৯৪ | জগন্নাথপুর | সিলেট | |
| (৩৭) | সাতা | ২২১ | জগন্নাথপুর | সিলেট | |
| (৩৮) | সাউথসাদক | ২২৩ | জগন্নাথপুর | সিলেট | |
| (৩৯) | মুজাহিদপুর | ২২৬ | জগন্নাথপুর | সিলেট | |
| (৪০) | চকরী | ২২৮ | জগন্নাথপুর | সিলেট | |
| (৪১) | আলীপুর | ২৩৫ | জগন্নাথপুর | সিলেট | |
| (৪২) | কলম্বরপুর | ২৪২ | জগন্নাথপুর | সিলেট | |
| (৪৩) | মন্ডলীভোগ | ২৫০ | জগন্নাথপুর | সিলেট | |
| (৪৪) | দাসরাইচক | ২৫৪ | জগন্নাথপুর | সিলেট | |
| (৪৫) | সুন্দরপুর | ১ | জামালগঞ্জ | সিলেট | |
| (৪৬) | রাজাবাজ | ১০ | জামালগঞ্জ | সিলেট | |
| (৪৭) | বোয়ালা | ১১ | জামালগঞ্জ | সিলেট | |
| (৪৮) | উত্তর রামপুর | ২০ | জামালগঞ্জ | সিলেট | |
| (৪৯) | হরিপুর | ৪৯ | জামালগঞ্জ | সিলেট | |
| (৫০) | মির্জাপুর | ৫৩ | জামালগঞ্জ | সিলেট | |
| (৫১) | বিছনা | ৫৪ | জামালগঞ্জ | সিলেট | |
| (৫২) | দক্ষিণ দৌলতপুর | ৬৩ | জামালগঞ্জ | সিলেট | |
| (৫৩) | ছয়হারা | ৮৫ | জামালগঞ্জ | সিলেট | |
| (৫৪) | মাছিমপুর | ৭৩ | ধর্ম্মপাশা | সিলেট | |
| (৫৫) | করুয়াজান | ৮৩ | ধর্ম্মপাশা | সিলেট | |
| (৫৬) | আনওয়ারপুর | ৮৯ | ধর্ম্মপাশা | সিলেট | |
| (৫৭) | বাঘারপাড়া | ৯৯ | ধর্ম্মপাশা | সিলেট | |
| (৫৮) | নিশ্চিন্তপুর | ১২০ | ধর্ম্মপাশা | সিলেট | |
| (৫৯) | বিনাসোনা | ১১৩ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| (৬০) | নিমারাই | ১২০ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | |
| (৬১) | ব্রাক্ষণকান্দি | ১২৪ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | |
| (৬২) | আলহা | ১৩৯ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | |
| (৬৩) | বাসুরিয়া | ১৪৭ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | |
| (৬৪) | উদারাই | ১৫১ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | |
| (৬৫) | বৈদ্যজ্ঞাতী | ১৫৯ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | |
| (৬৬) | প্রেমনগর টি,জি | ১৭৬ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | |
| (৬৭) | রনভীম | ১৮৩ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | |
| (৬৮) | বুবাসরা | ১৮৪ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | |
| (৬৯) | রাঙ্গুরিয়া | ১৮৫ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | |
| (৭০) | মৌলবী টি,জি | ১৯১ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | |
| (৭১) | শাহপুর | ১৯২ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার | ২৬৫ ও ২৬৬ নং খতিয়ান ব্যতীত |
| (৭২) | সফরপুর | ২৭ | জুড়ী | মৌলভীবাজার | |
| (৭৩) | মহাম্মদপুর | ৫ | রাজনগর | মৌলভীবাজার | |
| (৭৪) | বকসিপুর | ১৯ | রাজনগর | মৌলভীবাজার | |
| (৭৫) | চান্দখারহাবলী | ১৩৯ | রাজনগর | মৌলভীবাজার | |
| (৭৬) | আলীসারকুল | ৩৪ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার | |
| (৭৭) | কালাপুর | ৫৬ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার | |
| (৭৮) | সাড়েরগজ | ৯৭ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার | |
| (৭৯) | বঙ্গ | ৪৪ | আজমিরীগঞ্জ | হবিগঞ্জ | |
| (৮০) | শিবপাশা | ৫৪ | আজমিরীগঞ্জ | হবিগঞ্জ | |
| (৮১) | জামি গোয়ালগাও | ৬০ | আজমিরীগঞ্জ | হবিগঞ্জ | |
| (৮২) | কামালপুর | ৬২ | আজমিরীগঞ্জ | হবিগঞ্জ | |
| (৮৩) | বড়ইউরি বাদেচক | ২৫ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৮৪) | ঘাটুয়া | ৩৮ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৮৫) | আন্দা হোসেনপুর | ৪৪ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৮৬) | জাঙ্গালিয়া | ৫৩ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৮৭) | রসুলপুর | ৬২ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৮৮) | নিয়ামতপুর | ৬৮ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৮৯) | জয়শ্রী | ১২৩ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৯০) | শ্রীমঙ্গল | ১৫৩ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৯১) | বাদে বাজুকা | ১৬৩ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৯২) | জয়প্রতাপ | ১৭২ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৯৩) | রঘুপুর চক | ১৭৪ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৯৪) | হিয়ালা | ১৮৭ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৯৫) | টুপিজুরি | ১৯১ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৯৬) | ঝিটকা | ২২৬ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৯৭) | দৌলতপুর | ২৩৬ | বানিয়াচং | হবিগঞ্জ | |
| (৯৮) | জুরানগর | ২৩৭ | বানিয়াচং | হবিগঞ্জ | |

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৪১.২০১০-৬৯**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রমিক | মৌজার নাম | জে.এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | চকপাড়া | ৫ | ঘাটাইল | টাংগাইল |
| (২) | ঝুনকাইল | ২৪ | ঘাটাইল | টাংগাইল |
| (৩) | গারট্ট | ১৭৩ | ঘাটাইল | টাংগাইল |
| (৪) | বগাজান | ১১৩ | ঘাটাইল | টাংগাইল |
| (৫) | শিবেরপাড়া | ২২০ | ঘাটাইল | টাংগাইল |
| (৬) | আখাইল শিমুল | ১০৩ | ঘাটাইল | টাংগাইল |
| (৭) | সাধুর গলগন্ডা | ৬৮ | ঘাটাইল | টাংগাইল |
| (৮) | গান্ধি | ২৮৩ | ঘাটাইল | টাংগাইল |
| (৯) | সিংগুরিয়া | ১১৪ | ঘাটাইল | টাংগাইল |
| (১০) | মমরেজ গলগন্ডা | ৮২ | ঘাটাইল | টাংগাইল |
| (১১) | বেয়ারা | ১২৯ | ঘাটাইল | টাংগাইল |
| (১২) | কর্ণা | ৭৭ | ঘাটাইল | টাংগাইল |
| (১৩) | হাজিপুর | ২৬৬ | ঘাটাইল | টাংগাইল |
| (১৪) | বিরাহিমপুর | ৪০ | ঘাটাইল | টাংগাইল |
| (১৫) | মাকরাই | ২৪৪ | ঘাটাইল | টাংগাইল |
| (১৬) | মনতলা | ৩০৩ | ঘাটাইল | টাংগাইল |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
উপসচিব।

**[একই নম্বর স্মারকের আদেশ স্থলে প্রতিস্থাপিত]**

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

## শিশু শাখা

### অফিস আদেশ

তারিখ: ৩১ আগস্ট ২০১৫ খ্রিঃ

**নং ৩২.০০.০০০০.৪১.০২২.০০৬.১৫-২০৩**—বাল্যবিবাহ নিরোধকল্পে একটি জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নে উপজেলা/জেলা/বিভাগ হতে প্রাপ্ত মতামত সম্বলিত খসড়া কর্মপরিকল্পনা ২টি পর্যালোচনাপূর্বক চূড়ান্তকরণের নিমিত্ত নির্দেশক্রমে নিম্নোক্ত ওয়ার্কিং কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

(১) জনাব ডাঃ মোঃ আমিনুল ইসলাম, যুগ্মসচিব (সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) জনাব শামিমা পারভীন, ইউএনএফপিএ, ঢাকা

(৩) জনাব রশ্মি বসু, জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্পেশালিস্ট, ইউনিসেফ, ঢাকা

(৪) জানব রঞ্জন কর্মকার, স্টেপস টুয়ার্ডস ডেভেলপমেন্ট, লালমাটিয়া, ঢাকা

(৫) জনাব জাকিয়া হাসান, সভাপতি, ওমেন ফর ওমেন, ঢাকা

(৬) জনাব জান্নাতুল ফেরদৌস রুমা, এ্যাডভাইজার, চাইল্ড প্রটেকশন, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ, ঢাকা

(৭) জনাব মাসুদ আলী, ইনসিডিন বাংলাদেশ, ৮/১৯ স্যার সৈয়দ রোড, মোহাম্মদপুর, ঢাকা

(৮) জনাব আয়েশা খানম, প্রেসিডেন্ট, বাংলাদেশ মহিলা পরিষদ, ১০বি, সেগুন বাগিচা, ঢাকা

(৯) জনাব শীফা হাফিজা, কনভেনার, জেন্ডার জাষ্টিস ডাইভারসিটি এন্ড মাইগ্রেশন প্রোগ্রাম, ব্রাক, ঢাকা

(১০) জনাব তাহেরা জেবীন, ডিএফআইডি বাংলাদেশ, ঢাকা

**সদস্য-সচিব**

(১১) ড. আবুল হোসেন, প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

**কমিটির কার্যপরিধি:**

(ক) কমিটি খসড়া বাল্যবিবাহ নিরোধকল্পে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নে চূড়ান্ত সুপারিশ প্রদান করবে;

(খ) এই কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(গ) বিবিধ।

**রহিমা আক্তার**
সিনিয়র সহকারী সচিব।

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

## বিআরটিএ সংস্থাপন অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ০৫ জানুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং ৩৫.০০.০০০০.০২০.৩১.০০২.১৪-০৪**—বিআরটিএ'র সাবেক সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) মোঃ আব্দুল মোমেন-এর মৃত্যুজনিত কারণে বিজ্ঞ আদালত সিলেট কর্তৃক (সিনিয়র স্পেশাল জজ আদালত, সিলেট এর স্পেশাল মামলা নম্বর ১২/২০১১ কোতয়ালী মডেল থানার মামলা নম্বর-৫৭ তারিখ ২০-০৭-২০১০, যা জি,আর ৭২১/২০১০ এবং এ,জি,আর ৩/২০১০ হতে উপজাত) মামলাটি নিষ্পত্তি হওয়ায় তৎকালীন যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক ও রেলপথ বিভাগের পরিবহন অধিশাখা-১ এর ২৬-০৫-২০১১ তারিখের ৩৫.০২০.০০৪.০০.০০.০১৯.২০১১-৩১৬ প্রজ্ঞাপনমূলে সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) মরহুম মোঃ আব্দুল মোমেন-এর সাময়িক বরখাস্তের আদেশ নির্দেশক্রমে প্রত্যাহার করা হল।

**ড. মোঃ কামরুল আহসান**
উপসচিব।

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**ক্রীড়া-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৬ চৈত্র ১৪২২/২০ মার্চ ২০১৬

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১০.২০১৬-১১০**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (সংশোধনী অধ্যাদেশ-১৯৭৬) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বর্তমান নৌ-বাহিনী প্রধান ভাইস-এডমিরাল মোহাম্মদ নিজাম উদ্দিন আহমেদ (টিএএস), ওএসপি এনডিসি,পিএসসি-কে বাংলাদেশ সাঁতার ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১০.২০১৬-১১১**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (সংশোধনী অধ্যাদেশ-১৯৭৬) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক সাবেক নৌ-বাহিনীর প্রধান এডমিরাল এম ফরিদ হাবিব (এনডি),এনবিপি,এনডিসি, পিএসসি (পিআরএল)-কে বাংলাদেশ সাঁতার ফেডারেশন এর সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিরাজুছ সালেকীন**
সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা-১৩ (এম.পি.ও.)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ মার্চ ২০১৬

**নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০০৯.(অংশ-১).১০৯**—বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা আইন, ২০০২ এর ধারা ৬(১) বিধান অনুসারে অবসর সুবিধা বোর্ডের পরিচালনা পরিষদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মনোনয়নের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে উপসচিব (সওব্য-৬ অধিশাখা) কে শিক্ষা মন্ত্রণালয়ের ১২-০১-২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০০৯.(অংশ-১).২৬ সংখ্যক প্রজ্ঞাপনে গঠিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারি অবসর সুবিধা বোর্ড এর পরিচালনা পরিষদে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুসরাত জাবীন বানু**
উপসচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**আদেশ**

তারিখ, ৩১ ফাল্গুন ১৪২২/১৪ মার্চ ২০১৬

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-২৯/২০১৫-৩৩৫**—যেহেতু, সৈয়দ ফিরোজ ইফতেখার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, পীরগাছা, রংপুর)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) উপবিধি মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, সৈয়দ ফিরোজ ইফতেখার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন খালিদ**
সচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শাখা-১০**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ মার্চ ২০১৬

**নং ৪০.০১০.০৪১.০১.০০.০০১.২০১০-১৪৪**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০.৪৫ তারিখ ২৭-০১-২০১১ এর আলোকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থার দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডভুক্ত ২য় শ্রেণীর কর্মকর্তাদের উচ্চতর টাইমস্কেল/ সিলেকশন গ্রেড প্রদানের লক্ষ্যে গত ১৭-০৫-২০১৫ তারিখের ৪০.০১০.০৪১.০১.০০.০০১.২০১০-২৩৯নং অফিস আদেশটি বাতিলপূর্বক নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ

(ক) **সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(২) উপসচিব (সংস্থাপন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

(৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

(৫) সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থার যুগ্ম-মহাপরিদর্শক/ যুগ্মশ্রম পরিচালক পদমর্যাদার কর্মকর্তা।

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(ক) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডের ২য় শ্রেণীর কর্মকর্তাদের উচ্চতর টাইমস্কেল/ সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মতলেব হাওলাদার**
সহকারী সচিব।

## সমাজ কল্যাণ মন্ত্রণালয়
## প্রশাসন-৪ শাখা

### আদেশ

তারিখ, ২৪ ফাল্গুন ১৪২২/৭ মার্চ ২০১৬

**নং ৪১.০০০০.০০.০৩৬.২৭.০৭৬.১৫.১৮**—যেহেতু, জনাব মোছা. সালমা খাতুন, সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, কিশোরগঞ্জ-এর বিরুদ্ধে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত তদন্ত প্রতিবেদনে-তার সহযোগী পৌর সমাজকর্মী জনাব ওমর ফারুক-সহ প্রায় ০৮ (আট) বছর যাবত বিভিন্ন কৌশলে অবৈধভাবে অর্থ উপার্জন ও সরকারি অর্থ আত্মসাৎ করে আসছে এবং নিজ কার্যালয়ে অগ্নিকান্ড ঘটিয়ে আর্থিক এবং দুর্নীতির প্রমাণ নষ্ট করায় তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের মতামত দেয়;

যেহেতু, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক গঠিত তদন্ত কর্মকর্তা-শহর সমাজসেবা কার্যালয় কিশোরগঞ্জ এর অফিস কক্ষে কম্পিউটার প্রশিক্ষণ, কম্পিউটার ক্রয় এবং অন্যান্য আনুষঙ্গিক খরচের হিসাব নিরীক্ষা বানচাল করার উদ্দেশ্যে জনাব জনাব ওমর ফারুক শহর সমাজসেবা কার্যালয়ে পরিকল্পিতভাবে অগ্নিকান্ডটি সংঘটিত করেছেন মর্মে মতামত দেয়;

যেহেতু, তার এহেন উদাসীনতা, শৈথিল্যতা, অব্যবস্থাপনা এবং দুর্নীতির আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(বি) ও (ডি) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ন' হিসেবে গণ্য;

যেহেতু, উক্তরূপ 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ন'-এর কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-১১(১) মোতাবেক তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-১১(১) অনুসারে জনাব মোছা. সালমা খাতুন, সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, কিশোরগঞ্জকে চাকরি হতে 'সাময়িক বরখাস্ত' করা হলো।

২। তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. চৌধুরী মোঃ বাবুল হাসান**
সচিব।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## পুলিশ-১ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৬ ফাল্গুন ১৪২২/৯ মার্চ ২০১৬

**নং স্বম (পু-১)/ব্যক্তিগত-১৬/২০১১(অংশ)-৩১৪**—যেহেতু, আবুল ফজল মুহম্মদ তারিক হোসেন খান, সিনিয়র সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঢাকা এর বিরুদ্ধে ২৫-১০-১১ থেকে ২২-০১-২০১২ তারিখ পর্যন্ত অফিসে উপস্থিত না থেকে এবং অফিসের গুরুত্বপূর্ণ কাজ ফেলে রেখে কর্তৃপক্ষের বিনানুমতিতে ঢাকা, গাজীপুর, উত্তরাসহ বিভিন্ন স্থানে অবস্থান করা, মোবাইল ফোনে জরুরী প্রয়োজনে যোগাযোগ করলে নিজের অবস্থান সম্পর্কে কোন সঠিক উত্তর না দেয়া এবং জীবন বৃত্তান্তে উল্লিখিত মোবাইল ফোনটি জনৈক সামাদ মিয়ার নামে রেজিস্ট্রেশন করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৬-০৪-২০১২ তারিখের স্বম(পু-১)/ব্যক্তিগত-১৬/২০১১-৩৩১ নং স্মারকে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারিপূর্বক কৈফিয়ত তলব করা হয়; এবং

২। যেহেতু তিনি ২৬-০৫-২০১২ তারিখে অভিযোগনামার লিখিত জবাব দাখিল করেন এবং ০৫-০৯-২০১২ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। অভিযোগনামার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ২৭-০৩-২০১৩ তারিখের স্বম (পু-১)/ব্যক্তিগত-১৬/২০১১-৩৮৩ নম্বর স্মারকে জনাব নাছির উদ্দিন আহমেদ, অতিরিক্ত বিশেষ পুলিশ সুপার, ডিটেকটিভ ট্রেনিং স্কুল, সিআইডি, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ সাক্ষ্য প্রমাণে প্রমাণিত হয়েছে উল্লেখ করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক ০২ (দুই) বছরের জন্য 'নিম্ন টাইম স্কেলে নামিয়ে দেয়ার' গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়; এবং

৩। যেহেতু আবুল ফজল মুহম্মদ তারিক হোসেন খান-কে ২৬-০৮-২০১৪ তারিখের স্বম(পু-১)/ব্যক্তিগত-১৬/২০১১/৭০০ নম্বর স্মারক মূলে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ০৯-০৯-২০১৪ তারিখে দ্বিতীয় কারণ দর্শনোর নোটিশের জবাব দাখিল করেন। দ্বিতীয় কারণ দর্শনোর নোটিশের জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে জবাব সন্তোষজনক বিবেচিতি না হওয়ায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক ০২ (দুই) বছরের জন্য 'নিম্ন টাইম স্কেলে নামিয়ে দেয়ার' গুরুদণ্ড প্রদানের বিষয়ে পরামর্শ/মতামত প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে অনুরোধ করা হয় এবং বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করেন; এবং

৪। যেহেতু উক্ত সুপারিশ মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

৫। সেহেতু আবুল ফজল মুহম্মদ তারিক হোসেন খান, সিনিয়র সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(৩)(এ) মোতাবেক ০২ (দুই) বছরের জন্য 'নিম্ন টাইম স্কেলে নামিয়ে দেয়ার' গুরুদণ্ড প্রদান করা হলো।

তারিখ, ০১ চৈত্র, ১৪২২/১৫ মার্চ ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৫৭.১৫-৩৫৬**—যেহেতু মোঃ জিল্লুর রহমান, পুলিশ সুপার (বর্তমানে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্তকৃত এবং সিলেট রেঞ্জ ডিআইজির কার্যালয়ে সংযুক্ত) এর বিরুদ্ধে বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশালে কর্মরত থাকাকালে বরিশাল মেট্রোপলিটন পুলিশে কর্মরত অধঃস্তন কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় পদোন্নতি প্রদানের নিমিত্ত অবৈধ উদ্দেশ্য প্রণোদিতভাবে তার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের দিয়ে একটি কমিটি গঠন করান এবং উক্ত কমিটি অবৈধভাবে পুলিশ সদস্যদের নিকট হতে চাঁদা উত্তোলন করেন এবং সংগৃহীত সর্বমোট ৭৭,৩৯,২০০/- (সাতাত্তর লক্ষ উনচল্লিশ হাজার দুইশত) টাকার মধ্যে হতে ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা অভিযুক্ত কর্মকর্তাকে প্রদান করেন যা তিনি নিজের নিয়ন্ত্রণে রাখেন। উল্লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) এর অধীনে অসদাচরণ ও ৩(ডি) এর অধীনে দুর্নীতিপরায়ণতার অভিযোগে বিভাগীয় মামলায় অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করা হয়; এবং

২। যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীতে হাজির হন; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদি, অভিযোগের গুরুত্ব, গভীরতা, ধরণ ও সার্বিক অবস্থা পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত দুর্নীতিপরায়ণতার অভিযোগ প্রমাণিত না হলেও অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে। তার বিরুদ্ধে আনীত অভিযোগ লঘু প্রকৃতির বিবেচনায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৬(১)(বি) এর বিধান অনুযায়ী মোঃ জিললুর রহমান, পুলিশ সুপার (বর্তমানে চাকরি হতে সাময়িক বরখাস্তকৃত)-কে অসদাচরণের অভিযোগে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়; এবং

৪। সেহেতু, সার্বিক অবস্থা পর্যালোচনা করে অভিযুক্ত জনাব মোঃ জিল্লুর রহমান, পুলিশ সুপার (বর্তমানে চাকরি হতে সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(২)(বি) অনুযায়ী আদেশ জারির তারিখ হতে তার বার্ষিক বেতন বৃদ্ধি ০৪ (চার) বৎসরের জন্য স্থগিত রাখার আদেশ প্রদান করা হলো।

৫। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৩০-০৬-২০১৫ তারিখের ৪৪.০০. ০০০০.০৯৪.০২.০৫৭.১৫-৫৭৯ নম্বর প্রজ্ঞাপনমূলে সাময়িকভাবে বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ মাঘ, ১৪২২/০২ ফেব্রুয়ারি, ২০১৬

**নং স্বম(পু-১)/নিয়োগ-১১/২০১১-১২২**—জনাব মতিউর রহমান, পিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার (অবসর প্রাপ্ত)-এর বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৩৬৮০/২০১০ মামলার আদেশের পরিপ্রেক্ষিতে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

জনাব মতিউর রহমান, পিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার (অবঃ)-কে অবসরজনিত সুবিধাদিসহ বিধি মোতাবেক ২৯-০৪-১৯৯০ তারিখ থেকে তাঁকে সহকারী পুলিশ সুপার পদে পদোন্নতি বিবেচনা ও উক্ত তারিখ থেকে সহকারী পুলিশ সুপার পদে চাকুরী স্থায়ীকরণ এবং ১৯৯৯ সন থেকে সিনিয়রিটি কার্যকর করণসহ ১৯৯৯ সনে বিসিএস (পুলিশ) ক্যাডারে সহকারী পুলিশ সুপার হিসেবে সরাসরি ১৮তম বিসিএস এ নিয়োগপ্রাপ্ত-দের পুলিশ সুপার পদে পদোন্নতির তারিখ ১১-১০-২০১০ থেকে তাঁকে ৫ম গ্রেডে টাঃ ২২,২৫০-৩১,২৫০/- বেতনক্রম (বেতনস্কেল-২০০৯ অনুসারে) পদোন্নতি প্রাপ্ত বলে গণ্য হবেন এবং এতদ্‌সংক্রান্ত আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সুরাইয়া পারভীন শেলী**
উপসচিব।

---

**আইন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৪ ফাল্গুন, ১৪২২/০৭ মার্চ, ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৬-১৪২**—ডিএমপি, ঢাকার নিউমার্কেট থানার মামলা নম্বর-০১, তারিখ-০৩-০৯-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৭/৮/৯/১৩ ধারায় মামলার আসামীগণ নিউমার্কেট থানাধীন ৪৩ নং নীলক্ষেত শাহ সাহেব বাড়ী নিউমার্কেট থানার পিছনে মরিয়ম বিবি মসজিদ এর পার্শ্বে জঙ্গী সংগঠনের সদস্য ও সমর্থক হয়ে জঙ্গী সংগঠনের নামে সন্ত্রাসী কার্যকলাপে অর্থদাতাদের নিকট হতে অর্থ সংগ্রহ করে এবং সন্ত্রাসী কর্মকান্ডকে প্ররোচিত করার জন্য জিহাদী বইয়ের পাতা নিজ হেফাজতে রাখার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৬-১৪৩**—ডিএমপি, ঢাকার সবুজবাগ থানার মামলা নম্বর-১৩, তারিখ-০৭-১২-২০১৫খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (ই)(ঈ)/১০ ধারায় মামলার আসামীগণ সবুজবাগ থানাধীন ১/১১-ক পূর্ব বাসাবো ছায়াপথ গলির মহিউদ্দিন সাহেবের ৩য় তলা বাড়ীর নীচ তলার পশ্চিম পাশের ভাড়াটিয়া সালাউদ্দীন দম্পত্তির ফ্লাটে রাষ্ট্রের সম্পত্তির ক্ষতি সাধনের প্ররোচনা প্রচেষ্টা গ্রহণ ও ধ্বংসাত্মক কাজে উদ্বুদ্ধ করণের লক্ষ্যে প্রকাশিত লিফলেট ও বিভিন্ন বই নিজ হেফাজতে রাখার এবং ষড়যন্ত্র করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রামাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৬-১৪৪**—ডিএমপি, ঢাকার আদাবর থানার মামলা নম্বর-২৩, তারিখ-১৬-০৯-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৮/৯/১২/১৩ ধারায় মামলার আসামীগণ আদাবর থানাধীন বাড়ী নং-২, রোড নং-৬, ব্লক-এ বিলাশ কুঞ্জ নবোদয় হাউজিং সোসাইটি বাড়ীর সামনের পাকা রাস্তার উপর পরস্পর যোগসাজসে নিষিদ্ধ জঙ্গী সংগঠন 'হিযবুত তাহরী' এর সরকার বিরোধী লিফলেট নিজ হেফাজতে রাখার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৬-১৪৫**—ডিএমপি, ঢাকার মোহাম্মদপুর থানার মামলা নম্বর-৪২, তারিখ-২৭-০৮-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৮/৯/১৩ ধারায় মামলার আসামীগণ মোহাম্মদপুর থানাধীন তাজমহল রোডস্থ বাসা নং-১৫/১০ এর সামনে পাকা রাস্তার উপর বাংলাদেশের নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন এর জনগণকে সমাবেত করার চেষ্টা, লিফলেট বিতরণ করা ও লিফলেট হেফাজতে রাখাসহ সরকার বিরোধী ষড়যন্ত্রমূলক কার্যকলাপে লিপ্ত থাকার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৬-১৪৬**—ডিএমপি, ঢাকার ক্যান্টনমেন্ট থানার মামলা নম্বর-০৪, তারিখ-১৫-০৯-১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(ই)(ঈ)/৮/৯/১১ ধারায় মামলার আসামীগণ ক্যান্টনমেন্ট থানাধীন মানিকদী মাঠের কোনায় আদর্শ বিদ্যা নিকেতন এর মূল গেইটের সামনে রাস্তার উপর নিষিদ্ধ সংগঠনের সদস্য ও সমর্থন কর্তৃক অপরাধ সংঘটনে প্ররোচনা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৬-১৪৭**—ডিএমপি, ঢাকার দক্ষিণখান থানার মামলা নম্বর-২৫, তারিখ-২৪-১২-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৮/৯(২)/১৩ ধারায় মামলার আসামীগণ দক্ষিণখান থানাধীন মুন্সি মার্কেট রোডস্থ মোতালেব এর বাড়ীর সামনে পাকা রাস্তার উপর 'হিজবুত তাহরীর' লিফলেট বিতরণ, দেয়ালে লিফলেট লাগিয়ে প্রচার, নিষিদ্ধ সংগঠনের সদস্য হয়ে এবং সমর্থন করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২২/০৮ মার্চ ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৬-১৪৯**—ডিএমপি, ঢাকার ক্যান্টনমেন্ট থানার মামলা নম্বর-০৪, তারিখ-১৩-১০-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৭/৮/৯/১৩ ধারায় মামলার আসামীগণ ক্যান্টনমেন্ট থানাধীন বনানী ডিওএইচএস এর ৪ নং রোডের বাসা নং-৯ এ জঙ্গী সংগঠনের সদস্য, সমর্থক, সন্ত্রাসী কাজে অর্থ সংগ্রহ ও সন্ত্রাসী কর্মকান্ডকে প্ররোচিত করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রামণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৬-১৫০**—ডিএমপি, ঢাকার উত্তরা পূর্ব থানার মামলা নম্বর-১২, তারিখ-২৭-০৭-২০১৫খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৭/৮/৯/১০/১১/১২/১৩ ধারায় মামলার আসামীগণ উত্তরা পূর্ব থানাধীন রোড নং-৭, সেক্টর-৪, এর একুশে রেস্তোরা এবং আজমপুর বাসস্ট্যান্ডের ফ্লাইওভার এর নিকট নিষিদ্ধ ঘোষিত 'হিজবুত তাহরী' সদস্য হিসাবে সন্ত্রাসী কাজে অর্থায়ন, সমর্থন ষড়যন্ত্র ও সহায়তা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রামণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৬-১৫১**—সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ থানার মামলা নম্বর-১০, তারিখ-৩১-১০-২০১৫খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (অ)(আ)(ই)(ঈ)(উ)/ ১০/১২ ধারায় মামলার আসামীগণ ফেঞ্চুগঞ্জ থানাধীন দক্ষিণ আশিঘরস্থ আসামী ইমরুল ইসলাম বকুলের বসতঘর হাটুভাঙ্গা গ্রামস্থ এবং মোঃ মোয়াজ্জেম হোসাইন এর বসতঘর ও বাড়ীর পশ্চিম পার্শ্বে বাউন্ডারী দেয়ালের উত্তর পূর্ব পাশে হত্যা, গুরুতর জখম, অপহরণ, প্রজাতন্ত্রের সম্পত্তির ক্ষতিসাধন, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্নসহ জনগণের মধ্যে আতংক সৃষ্টি করার উদ্দেশ্যে ষড়যন্ত্রমূলকভাবে বিস্ফোরক দ্রব্যাদি, অবৈধ আগ্নেয়াস্ত্র দখলে রেখে সন্ত্রাসী কার্য করতে প্ররোচিত করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৬-১৫২**—ডিএমপি, ঢাকার মতিঝিল থানার মামলা নম্বর-০৩, তারিখ-০২-১২-২০১৫খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৭/৮/৯/১৩ ধারায় মামলার আসামীগণ মতিঝিল থানাধীন শাপলা চত্বর এলাকায় সোনালী ব্যাংকের সামনে জঙ্গী

সংগঠনের সদস্য ও সমর্থক হয়ে, জঙ্গী সংগঠনের নামে সন্ত্রাসী কার্যকলাপে অর্থ দাতাদের নিকট হতে অর্থ সংগ্রহ করে এবং সন্ত্রাসী কর্মকান্ডকে প্ররোচিত এবং উৎসাহিত করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রামণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এফ এম তৌহিদুল আলম**
সহকারী সচিব।

---

**[একই স্মারক নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হবে]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ ফাল্গুন ১৪২২/০৬ মার্চ ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৩-১৫৮**—নারায়ণগঞ্জ জেলার সদর মডেল থানার মামলা নম্বর-১১, তারিখ-০৮-০২-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (ই),(ঈ),(উ)/১০/১৩ ধারায় মামলার আসামীগণ সদর মডেল থানাধীন চাষারস্থ সায়াম প্লাজা মার্কেটের সামনে সন্ত্রাসী কার্যকলাপ সংঘটন, গোপন ষড়যন্ত্র, অপরাধ সংঘটনে পরস্পরকে সহায়তা ও সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এফ এম তৌহিদুল আলম**
সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ৩১ ফাল্গুন, ১৪২২/১৪ মার্চ, ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-১৬১**—সিএমপি, চট্টগ্রাম এর বাঁশখালী থানার মামলা নং-১৬, তারিখঃ ২৩-০২-২০১৬ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর উপ-দফা (১)এর(ক)(ঈ)/৬(৩)/ ৭(৩)/ ১০/১২(ক)/১২(খ)/১২(ঘ)/১৩ ধারায় মামলার আসামীগণ বাঁশখালী থানাধীন লটমনি পাহাড়ের পাদদেশে মাওলানা মোহাম্মদ মোবারক এর গবাদী পশু খামার এর উত্তর পশ্চিমে জননিরাপত্তা বিপন্ন, জনগণের মধ্যে আতংক সৃষ্টি করার লক্ষ্যে জঙ্গি ও সন্ত্রাসী গোষ্ঠী গড়ে তোলার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ : ০১ চৈত্র ১৪২২/১৫ মার্চ ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৪-১৬২**—গাইবান্ধা জেলার পলাশবাড়ী থানার মামলা নম্বর-০৩, তারিখ-০২-০২-২০১৫ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) উপ-অনুচ্ছেদ (ই),(ঈ),(উ)/৭/১০/১১/১২ ধারায় মামলার আসামীগণ পলাশবাড়ী থানাধীন সাতারপাড়া সাকিনস্থ ডাকঘর নামক স্থানে প্রাক্তন চেয়ারম্যান জনাব মোঃ মোস্তাফিজুর রহমান@ মোস্তা এর বসত বাড়ীর অনুমান ১০০ গজ পূর্বে পাকা রাস্তার উপর পরস্পর প্রত্যক্ষ ও পরোক্ষ যোগসাজসে এবং সহায়তায় বাসে পেট্রোল বোমা নিক্ষেপ করে আগুন লাগিয়ে জননিরাপত্তা বিঘ্নিত করার উদ্দেশ্যে আতংক সৃষ্টি করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ০৬ চৈত্র, ১৪২২/২০ মার্চ, ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৬-১৭০**—সিলেট জেলার জকিগঞ্জ থানার মামলা নম্বর-১১, তারিখ-০৮-১১-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(ই)(ঈ)(উ)/১০/১২/১৩ ধারায় মামলার আসামীগণ জকিগঞ্জ থানাধীন জামডহর সাকিনস্থ আসামী গোলাম রোকবানী চৌধুরী জাবেদ (৩৫), পিতা-খছরুজ্জামান চৌধুরী, সাং-পশ্চিম জামডহর, ০২ নং বীরশ্রী ইউনিয়ন, থানা-জকিগঞ্জ, জেলা-সিলেট গং সন্ত্রাসী কার্যক্রমের উদ্দেশ্যে বিস্ফোরক দ্রব্য জিহাদী বই ও লিফলেট নিজ দখলে রাখার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রামণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৬-১৭১**—ফেনী জেলার ফেনী মডেল থানার মামলা নম্বর-১২, তারিখ-১১-০৪-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(ই)(ঈ)(উ)/১০/১২/১৩ ধারার মামলায় ফেনী মডেল থানাধীন উত্তর ডাক্তার পাড়া ফলাইয়া মাদ্রাসার ছাত্রাবাসের আসামী মোঃ মোশারফ হোসেন (২৭), পিতা-মোঃ হোসেন, সাং-পশ্চিম অলিনগর, থানা-মিরশ্বরাই, জেলা-চট্টগ্রাম গং রাষ্ট্রীয় নিরাপত্তা বিঘ্নিত করার জন্য জনমনে আতংক সৃষ্টিসহ যানবাহন ভাংচুর করে জনসাধারণের সম্পত্তি ক্ষতিসাধন করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৬-১৭২**—সিলেট জেলার গোলাপগঞ্জ মডেল থানার মামলা নম্বর-২১, তারিখ-২৯-১১-২০১৫খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(ই)(ঈ)/১২ ধারায় মামলার আসামীগণ গোলাপগঞ্জ থানাধীন ০৩ নং ফুলবাড়ী ইউনিয়নের মছকাপুর সাকিনস্থ আব্দুল মালিক মেম্বারের বসত বাড়ীতে জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার উদ্দেশ্যে জনগণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে, আইন প্রয়োগকারী সংস্থাকে আইন সম্মত কার্য করা হতে বিরত রাখার উদ্দেশ্যে ষড়যন্ত্রে লিপ্ত হয়ে তৎকার্যে পরস্পর'কে সহায়তা ও প্ররোচনা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রামণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এফ এম তৌহিদুল আলম**
সহকারী সচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## শৃংখলা-২ শাখা

### আদেশ

তারিখ: ২১ মার্চ ২০১৬ খ্রিঃ

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.২৪৬.২০১১-২৪৪**—যেহেতু, ডাঃ জাহানারা বেগম (১০৮৯৫১), প্রভাষক, প্যাথলজি, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর গত ১১-০১-২০০৯খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় সরকারি কর্মচারী (বিশেষ বিধান), অধ্যাদেশ ১৯৭৯ এর ৩(বি) ধারার অপরাধে অভিযুক্ত করে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে ০৪.১১.২০১১খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২৪৬.২০১১-১২৫২নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরী হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ১৪-০৯-২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২৪৬.২০১১-৫৯৩নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার বিষয়ে ২৫-০২-২০১৬ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০১১.২০১৬-৬২নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক ডাঃ জাহানারা বেগম (১০৮৯৫১), প্রভাষক, প্যাথলজি, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুরকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১১.০১.২০০৯খ্রিঃ থেকে সরকারি চাকুরী হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

## অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক সেল

### প্রজ্ঞাপন

তারিখ: ১৪ মার্চ ২০১৬

নং **স্বাপকম/অটিজম-০৩/২০১৬/৪১**—অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটির ১৩তম সভায় গৃহীত সিদ্ধান্ত (সিদ্ধান্ত নং ৪) অনুযায়ী "Rehabilitation Council of Bangladesh" প্রতিষ্ঠার নিমিত্ত প্রয়োজনীয় আইনের খসড়া প্রণয়নকল্পে নিম্নরূপ কমিটি গঠন করা হ'ল:

**আহবায়ক**

১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। জনাব মোঃ সাইদ নূর আলম, যুগ্ম-সচিব ও প্রধান সমন্বয়ক, অটিজম সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৩। জনাব মাহমুদুল ইসলাম, যুগ্ম-সচিব, উন্নয়ন-১, শিক্ষা মন্ত্রণালয়

৪। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি

৫। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি

**সদস্য-সচিব**

৬। জনাব রওশন আরা বেগম, উপ-সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

২। কমিটির কার্যপরিধি:

(১) কমিটি অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক কার্যক্রমকে লক্ষ্য করে Rehabilitation Council প্রতিষ্ঠার জন্য আইনের খসড়া প্রণয়ন করবে;

(২) কমিটি প্রযোজ্য ক্ষেত্রে অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণ করবে;

(৩) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

(৪) কমিটি আগামী ০১ (এক) মাসের মধ্যে এ সংক্রান্ত সুপারিশমালা প্রণয়ন পূর্বক জাতীয় স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল যা অবিলম্বে কার্যকর হবে।

**মনোজ কুমার রায়**
উপসচিব
ও
পরিচালক (অটিজম সেল)।

**পার-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ নভেম্বর ২০১৫

**নং ৪৫.১৪২.০১৬.০০.০০.০১২.২০১৫-৬২৪**—ডাঃ দেবানন্দ বিশ্বাস (১১১০৮৩), সহকারী অধ্যাপক, ব্লাড ট্রান্সফিউশন, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা সম্প্রতি ধর্মীয় বিধি মোতাবেক ধর্মান্তরপূর্বক ইসলাম ধর্ম গ্রহণ করেছেন এবং নোটারী পাবলিক এর মাধ্যমে এফিডেভিট করে তাঁর পূর্ব নাম "দেবানন্দ বিশ্বাস" এর পরিবর্তে "দানিশ আরেফীন বিশ্বাস" নাম গ্রহণ করেছেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ কে এম ফজলুল হক**
উপসচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ জুন ২০১৬ খ্রিস্টাব্দ/১৮ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-১৩২**—The Negotiable Instruments Act, 1881 এর ২৫ ধারার ব্যাখ্যায় সরকারকে প্রদত্ত ক্ষমতাবলে পাবনা জেলার আটঘরিয়া পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচনী এলাকার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট পৌরসভার নির্বাচনী এলাকায় ভোটগ্রহণের দিন ০৪ জুন ২০১৬ তারিখ শনিবার সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

২। সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ অলিউর রহমান**
সিনিয়র সহকারী সচিব।